

আরবেলিয়া নাগ চৌধুরী পরিবার

সৌপায়ণ ঋষি গোত্রজ রাজর্ষি কর্কোটক নাগ বংশীয় কীর্তি নাগ (ইনি খ্রিষ্টাব্দ অষ্টম শতাব্দীর মধ্যে ভাগে গৌর রাজ কর্তৃক মহাসামন্ত পদে নিযুক্ত হন)। কুলাচার্য কাশীদাস ঢাকুর বঙ্গের 'জাতীয় ইতিহাস' ও বিভিন্ন কায়স্থ কুল গ্রন্থের মতে ইহার পূর্বজগণ কোলঞ্চ গ্রামের অধিবাসী ছিলেন। নাগ বংশের একাদশতম পুরুষ শঙ্কর নাগ 'রাজা শঙ্কর' নামে খ্যাত ছিলেন (খ্রিষ্টপূর্ব একাদশ শতাব্দীর শেষভাগে রাজা বল্লাল সেনের পিতা বিজয় সেন রাজা শ্যামল বর্মা বা দ্বিতীয় আদিসুরকে বিতারিত করে রাঢ় বঙ্গের অধীশ্বর হলে শঙ্কর নাগ গৌড়ের রাজসভায় রাজা উপাধিতে ভূষিত হন)। নাগ বংশের দ্বাদশ পুরুষ দেবদত্ত নাগ ১২২২ থেকে ১২৩৯ খ্রিস্টাব্দের মধ্যে রাজা বল্লাল সেনের সভাসদ ছিলেন। ত্রয়োদশ পুরুষ মহানন্দা নাগ সেন রাজ সভা থেকে 'সিদ্ধ মৌলিক' কুল মর্যাদা লাভ করেন ও দাক্ষিণ রাঢ়ীয় সমাজের নাগ বংশ নামে খ্যাত হন। নাগ বংশের অষ্টাদশ পুরুষ তিতুরাম নাগ গৌড়ের দরবার থেকে ষোড়শ শতাব্দীর প্রথমভাগে 'চৌধুরী' উপাধি লাভ করেন। একবিংশতম পুরুষ কমলাকান্ত নাগ চৌধুরী তুলো সুতা ও লবণের ব্যবসায় প্রভূত অর্থ উপার্জন করে কয়েকটি মৌজা খরিদ করে ভূম্যাধিকারী নাম খ্যাত হন। উনি ১৫৪২-৪৩ খ্রিস্টাব্দে স্বল্পীক আরবেলিয়া গ্রামে বসতি স্থাপন করেন, সেই সময় আরবেলিয়া গ্রাম ভীষণ অরণ্য ও জলাভূমিতে পরিবেষ্টিত ছিল। উনি তা পরিষ্কার করে অট্টালিকা ঠাকুর দালান বা চণ্ডী দালান ও দেব মন্দির প্রতিষ্ঠা করেন। উনি ১৫৪৫ সালে থেকে আরবেলিয়ার ঠাকুর দালানে শ্রী শ্রী দূর্গা পূজা আরম্ভ করেন। ছাব্বিশতম পুরুষ শ্রীকান্ত নাগ চৌধুরী মুর্শিদাবাদের নবাবের সভাসদ

ছিলেন। উনি আরবেলিয়ার নাগ চৌধুরী এস্টেটের প্রসিদ্ধ আটকাবালার তালুক মহারাজা কৃষ্ণচন্দ্রের পুত্র শিবচন্দ্রের থেকে খরিদ করে আরবেলিয়া নাগ চৌধুরী এস্টেটের যথেষ্ট শ্রীবৃদ্ধি করেন। আঠাশতম পুরুষ রাজমোহন নাগ চৌধুরী 'নাগ চৌধুরী' বংশের উজ্জ্বল ভাস্বর ও দোদগু প্রতাপশালী জমিদার ছিলেন। ওনার আমলে বংশের কার্য কুশলতা ও কীর্তিকাহিনী বহুদূর পর্যন্ত বিস্তারিত হয়। ওনার আমলেই 'একটাকার গেট' ও 'একরাতের বাড়ি' নির্মাণ হয়েছিল যা আজ আরবেলিয়ার ঐতিহ্য বহন করে চলেছে। নাগ চৌধুরী পরিবারের একত্রিশতম পুরুষ ডঃ সুশীল কুমার নাগ চৌধুরী ১৯২৮ সালে কলিকাতা মেডিকেল কলেজ থেকে গ্রাজুয়েট হন। ১৯৩৩ সালে তিনি বিলেতে এডিনবরা বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অর্জন করে ১৯৩৬ সালে স্বদেশে ফিরে এসে ১৯৩৭ সাল থেকে কলিকাতা মেডিক্যাল কলেজের কর্ণ নাসিকা কণ্ঠ বিভাগে প্রধান ও পরে অধ্যক্ষ নির্বাচিত হন।

নাগ চৌধুরী পরিবারের পক্ষ থেকে দেওয়া তথ্য
নাগ চৌধুরী পরিবার আরবেলিয়া উত্তর ২৪ পরগনা